



বাংলাদেশ ব্যাংক
ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০



বিজ্ঞপ্তি নং- ১১৮/২০২১

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৮
২৩ সেপ্টেম্বর ২০২১

সমন্বিত ৭ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে 'সিনিয়র অফিসার (প্রকৌশলী - সিভিল)' পদে
সরাসরি নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের MCQ Test সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়ের তত্ত্বাবধানে সমন্বিত ৭ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে 'সিনিয়র অফিসার (প্রকৌশলী- সিভিল)' পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে Online-এ প্রাপ্ত আবেদনসমূহ যাচাইয়াত্তে যোগ্য বিবেচিত প্রার্থীদের ০১ ঘন্টা ব্যাপী ১০০ নম্বরের MCQ Test আগামী ১১/১০/২০২১ তারিখ সোমবার বিকেল ০৩.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত সেন্ট্রাল উইমেন্স কলেজ, ১৩/২, অভয় দাস লেন, টিকাটুলি, ঢাকা-১২০৩ এ অনুষ্ঠিত হবে।

উক্ত পরীক্ষার প্রবেশপত্র বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট (<https://recruitment.bb.org.bd>) হতে পরীক্ষা শুরুর অব্যবহিত পূর্ব পর্যন্ত সংগ্রহ করার জন্য প্রার্থীদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, পরীক্ষার হলে প্রবেশের পূর্বে প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ (এক) ঘন্টা পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে এবং সামাজিক দূরত্ব মেনে সারিবদ্ধভাবে কেন্দ্রের অভ্যন্তরে প্রবেশ করতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ, প্রবেশপত্রের একাধিক কপি বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করতে দেয়া হবে না। মাস্ক পরিধান ব্যতিরেকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না।

স্বাক্ষরিত

(মোঃ আজিজুল হক)

মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক

ও

সদস্য-সচিব, বিএসসি